**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৫৭/২০১৭**

**ঢাকা, মঙ্গলবার ২১ মার্চ ২০১৭, ৭ চৈত্র ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। একাত্তরের ২৫ মার্চ 'গণহত্যা দিবস' মন্ত্রিসভায় অনুমোদন

২। প্রধানমন্ত্রী মাগুরা যাচ্ছেন আজ

৩। সিঙ্গাপুরের ব্যবসায়ীদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান বাণিজ্যমন্ত্রীর

৪। রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে মায়ানমার প্রতিনিধি দল

৫। সাউথ এশিয়া স্যাটেলাইট উৎক্ষেপণে অংশ নেবে বাংলাদেশ

৬। বাংলাদেশি টাকায় বিদেশিদের শেয়ার কেনার সুযোগ : বাংলাদেশ ব্যাংক প্রজ্ঞাপন

৭। অবৈধভাবে অবস্থানরতদের দেশে ফিরতে ৯০ দিন সময় দিল সৌদি আরব

৮। ট্রান্স এশিয়ান রুটে বাংলাদেশ : ৫২ বছর পর আবার ট্রেন যাবে ঢাকা থেকে দার্জিলিং

৯। প্রধানমন্ত্রীর ভারত সফরে গুরুত্ব পাবে কানেকটিভিটি : ভারতের হাইকমিশনার

১০। সুখী দেশের তালিকায় বাংলাদেশ ১১০তম

চলমান পাতা-২

**১।　একাত্তরের ২৫ মার্চ 'গণহত্যা দিবস' মন্ত্রিসভায় অনুমোদন**

একাত্তরের ২৫ মার্চ পাকিস্তানি হানাদার বাহিনীর বর্বর হত্যাযজ্ঞের দিনটিকে 'গণহত্যা দিবস' ঘোষণার আনুষ্ঠানিক সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ লক্ষ্যে দিনটি পালনের প্রস্তাবে অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল ২০ মার্চ সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠকে সর্বসম্মতভাবে এ অনুমোদন দেওয়া হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**২।　প্রধানমন্ত্রী মাগুরা যাচ্ছেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৮টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন এবং নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করতে মাগুরায় যাচ্ছেন আজ। তিনি ১৯টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন এবং ৯টি উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এছাড়া তিনি মাগুরাস্থ বীর মুক্তিযোদ্ধা আছাদুজ্জামান স্টেডিয়ামে জেলা আওয়ামী লীগ আয়োজিত এক জনসভায় ভাষণ দেবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৬)।

**৩।　সিঙ্গাপুরের ব্যবসায়ীদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান বাণিজ্যমন্ত্রীর**

সিঙ্গাপুরের ব্যবসায়ী ও বিনিয়োগকারীদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, সিঙ্গাপুর ও বাংলাদেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির বিপুল সম্ভাবনা রয়েছে। বাংলাদেশ বিনিয়োগের জন্য এখন বিশ্বের মধ্যে আকর্ষণীয় স্থান। বাংলাদেশ সরকার বিনিয়োগকারীদের জন্য বিশেষ সুযোগ-সুবিধা প্রদান করছে। বাংলাদেশে বিনিয়োগের ক্ষেত্রে উদারনীতি গ্রহণ করা হয়েছে। এখানে শতভাগ বিনিয়োগ করার সুযোগ রয়েছে, প্রয়োজনে বিনিয়োগকৃত অর্থ সম্পূর্ণ ফেরত নেওয়া যাবে। এ বিষয়ে আইন দ্বারা বিনিয়োগকারীদের স্বার্থরক্ষা করা হয়েছে। গতকাল ২০ মার্চ সোমবার এসবিএফ অডিটরিয়ামে বাংলাদেশের সঙ্গে সিঙ্গাপুরের বাণিজ্য-বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে সিঙ্গাপুরস্থ বাংলাদেশ হাইকমিশনার, সিঙ্গাপুর বিজনেস ফেডারেশন এবং বাংলাদেশ বিজনেস চেম্বার অফ সিঙ্গাপুর যৌথভাবে আয়োজিত 'সাউথ এশিয়া মার্কেট ইনসাইটস সিরিজ : বিজনেস অপরচুনিটি ইন বাংলাদেশ' শীর্ষক সেমিনারে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.১২,ক.৫), **অবজারভার** (পৃ.১৭,ক.১), **নিউ নেশন** (পৃ.১৩,ক.৫)।

**৪।　রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে মায়ানমার প্রতিনিধি দল**

মার্কিন রাষ্ট্রদূত বার্নিকাট, জাতিসংঘের কফি আনান কমিশনসহ অন্তত ১০ জন রাষ্ট্রদূতের পরিদর্শনের পর এবার কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে এসেছেন মায়ানমারের একটি প্রতিনিধি দল। গতকাল ২০ মার্চ সোমবার মায়ানমার সরকারের রাষ্ট্রীয় পরামর্শক অং সান সূচি কর্তৃক গঠিত ১০ সদস্যের এই প্রতিনিধিদল উখিয়ার নিবন্ধিত ও অনিবন্ধিত কয়েকটি শরণার্থী ক্যাম্প পরিদর্শন করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.৫), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.২)।

**৫।　সাউথ এশিয়া স্যাটেলাইট উৎক্ষেপণে অংশ নেবে বাংলাদেশ**

ভারতের উদ্যোগে সাউথ এশিয়া স্যাটেলাইট উৎক্ষেপণে বাংলাদেশের অংশগ্রহণে সম্মতি দিয়েছে সরকার। এজন্য মন্ত্রিসভা ভারতের সঙ্গে স্বাক্ষরের জন্য এগ্রিমেন্ট বিটুইন দ্য গভর্নমেন্ট অফ রিপাবলিক অফ ইন্ডিয়া অ্যান্ড দ্য গভর্নমেন্ট অফ দ্য পিপল অফ রিপাবলিক বাংলাদেশ কনসার্নিং টু অরবিট ফ্রিকোয়েন্সি কো-অর্ডিনেশন অফ সাউথ এশিয়া স্যাটেলাইট প্রোপোজড অ্যাট ৪৮ ডিগ্রি ইস্ট প্রস্তাব অনুমোদন দিয়েছে বাংলাদেশ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ২০ মার্চ সোমবার সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫)।

**৬। বাংলাদেশি টাকায় বিদেশিদের শেয়ার কেনার সুযোগ : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

বিদেশি বিনিয়োগকারীরা নিজেদের হিসাব থেকে বাংলাদেশি টাকায় সরাসরি দেশীয় কোম্পানির শেয়ারে বিনিয়োগ করতে পারবেন। তাই এখন থেকে মুদ্রার মান পরিবর্তনজনিত কোন ঝুঁকিতে পড়তে হবে না বিদেশিদের জানিয়েছে বাংলাদেশ ব্যাংক। প্রজ্ঞাপনের মাধ্যমে গত **১৯** মার্চ রোববার বিষয়টি স্পষ্ট করে সকল ব্যাংককে (টাকার অথোরাইজড) ব্যাখ্যা দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৭,ক. ১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.২), **সমকাল** (পৃ.১,ক.২)।

**৭। অবৈধভাবে অবস্থানরতদের দেশে ফিরতে ৯০ দিন সময় দিল সৌদি আরব**

অবৈধভাবে সৌদি আরবে অবস্থানরতদের প্রতি নমনীয়তা প্রকাশ করেছে সৌদি সরকার। ভিসার মেয়াদ পেরিয়ে যাওয়ার পরও যারা সৌদিতে অবস্থান করছেন তাদের বিনা শাস্তিতে দেশে ফিরতে ৯০ দিনের সুযোগ দেওয়া হয়েছে। দেশটির গণমাধ্যমে সৌদি গেজেটের এক প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.৬)।

**৮। ট্রান্স এশিয়ান রুটে বাংলাদেশ : ৫২ বছর পর আবার ট্রেন যাবে ঢাকা থেকে দার্জিলিং**

প্রস্তাবিত ট্রান্স এশিয়ান রুটে সংযুক্ত হতে চলছে বাংলাদেশ রেলওয়ে। তারই অংশ হিসেবে ঢাকা থেকে সরাসরি ট্রেন রুট চালু হচ্ছে ভারতের দার্জিলিং পর্যন্ত। **১৯৬৫** সালে ভারত-পাকিস্তান যুদ্ধের আগ পর্যন্ত রুটটি চালু থাকলেও যুদ্ধের পরে দীর্ঘদিন তা বন্ধ ছিল। ৫২ বছর পর আবারো সচল হতে চলেছে ঢাকা-দার্জিলিং রেল যোগাযোগ। ফলে বাংলাদেশ থেকে সরাসরি ট্রেনে যাওয়া যাবে পশ্চিমবঙ্গের পাহাড়ি পর্যটনকেন্দ্র দার্জিলিং। এজন্য দু'দেশই আলাদা প্রকল্প হাতে নিচ্ছে। বাংলাদেশ রেলওয়ে ও পরিকল্পনা কমিশন সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.২,ক. ৪)।

**৯। প্রধানমন্ত্রীর ভারত সফরে গুরুত্ব পাবে কানেকটিভিটি : ভারতের হাইকমিশনার**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার আসন্ন ভারত সফরে বাংলাদেশ ও ভারতের মধ্যে আলোচনায় সবচেয়ে বেশি গুরুত্ব পাবে কানেকটিভিটি। এছাড়া নদী অববাহিকা ব্যবস্থাপনা, জ্বালানি খাতে উপ-আঞ্চলিক সহযোগিতা নিয়েও আলোচনা হবে। ঢাকায় নিয়োজিত ভারতের হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা গতকাল ২০ মার্চ সোমবার রাজধানীর ইনস্টিটিউট অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সে আয়োজিত এক আলোচনা অনুষ্ঠানে এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৮), **নিউ নেশন** (পৃ.১৩,ক.১)।

**১০। সুখী দেশের তালিকায় বাংলাদেশ ১১০তম**

বিশ্বের সবচেয়ে সুখী দেশের তালিকায় এবার শীর্ষ অবস্থানে আছে স্ক্যান্ডিনেভিয়ান দেশ নরওয়ে। আর **১৫৫**টি দেশের মধ্যে সুখী দেশ হিসেবে বাংলাদেশের অবস্থান **১১০**তম। জাতিসংঘের সাসটেইনেবল ডেভেলপমেন্ট সলিউশন নেটওয়ার্ক থেকে প্রকাশিত 'ওয়ার্ল্ড হ্যাপিনেস রিপোর্ট ২০১৭'-তে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৭), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো, ভোরের কাগজ, সংবাদ :** কুমিল্লার ভিক্টোরিয়া সরকারি কলেজের ছাত্রী তনু হত্যার এক বছর পার হলেও তদন্তকাজে কোনো অগ্রগতি না হওয়া সংশ্লিষ্টদের গাফিলতি ও দায়িত্বহীনতার পরিচায়ক বলে অভিমত প্রকাশ।

খ. **জনকণ্ঠ :** বাংলাদেশ ও ভারতের মধ্যে পারস্পরিক স্বার্থ অক্ষুণ্ন রেখে লেনদেন, ব্যবসা-বাণিজ্য সর্বোপরি লোকজনের প্রায় অবাধ চলাচল বাড়াতে হবে, তবে সব ক্ষেত্রে নিরাপত্তার বিষয়টিকে অগ্রাধিকার দিতে হবে বলে উল্লেখ।

গ. **যুগান্তর :** খেলাপি ঋণ উদ্ধার, আর্থিক খাতে স্বচ্ছতা ও শৃঙ্খলা ফেরানো এবং যে কোনো অনিয়ম রোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের রাজনৈতিক ও প্রশাসনিক সদিচ্ছাসহ সব ধরনের ব্যবস্থা নেওয়া জরুরি বলে অভিমত প্রকাশ।

ঘ. **ইত্তেফাক :** সিলেটে অবৈধভাবে পাথর উত্তোলন এখনও বন্ধ হয়নি বরং তা সম্প্রতি ভয়াবহ রূপ ধারণ করেছে, এমতাবস্থায় এ ব্যাপারে সুচিন্তিত পদক্ষেপ গ্রহণ ও নিবিড় নজরদারি বৃদ্ধির প্রয়োজনীয়তা অনস্বীকার্য বলে উল্লেখ।

ঙ. **সমকাল :** জঙ্গিবাদবিরোধী অভিযান নিয়ে যেন সাধারণ মানুষের মধ্যে বিভ্রান্তি ও সন্দেহ সৃষ্টি না হয় সেজন্য সাধারণ মানুষকে সম্পৃক্ত করা জরুরি বলে অভিমত প্রকাশ।

চ. **নিউ এজ :** কলেজ ছাত্রী তনু হত্যার বিচার নিশ্চিত করতে সরকারকে দ্রুত পদক্ষেপ নিতে হবে, অপরাধীরা যত প্রভাবশালীই হোক তাদের বিচারের আওতায় এনে দেশে আইনের শাসন প্রতিষ্ঠিত করতে হবে বলে উল্লেখ।

ছ. **ডেইলি সান :** ভূ-পৃষ্ঠের পানিকে দূষিত করার মাধ্যমে আমরা নিজেদের ভূ-গর্ভস্থ পানির ওপর নির্ভরশীল করে তুলছি কিন্তু ভূ-গর্ভস্থ পানির পরিমান সীমিত, এমতাবস্থাতায় ভূ-পৃষ্ঠের পানির দূষণ বন্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে বলে উল্লেখ।।

জ. **ইন্ডিপেনডেন্ট :** টেস্ট ক্রিকেটে বিজয় অর্জনের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ ক্রিকেট দল একদিন বিশ্বকাপ জিতবে, এটি আর স্বপ্ন নয়, বাস্তবতা বলে অভিমত ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে শিশুদের খেলাধুলার সুযোগ সংকুচিত হয়ে পড়ায় টেলিভিশন, কম্পিউটার আর ভিডিও গেম তাদের বিনোদনের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে, সীমাবদ্ধ গণ্ডির মধ্যে বেড়ে ওঠায় তাদের মানসিক বিকাশ বাধাগ্রস্ত হচ্ছে, এ অবস্থার অবসান করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'জঙ্গিবাদের নতুন পরিক্রমা'** শিরোনামের নিবন্ধে মেজর জেনারেল মো. আব্দুর রশীদ (অব.) জঙ্গি দমনের চলমান কৌশল ফলপ্রসূ অবদান রাখলেও জঙ্গিবিরোধী অভিযান আরো সুচারু ও দক্ষভাবে পরিচালিত হলে জঙ্গি বিকাশ বাধাগ্রস্ত হবে, পাশাপাশি মৌলবাদ প্রসারের রাস্তা বন্ধ করতে পারলে এবং পৃষ্ঠপোষকদের নিবৃত করতে পারলে জঙ্গি নির্মূলের উদ্যোগ নতুন পথ খুঁজে পাবে বলে উল্লেখ করেছেন।

#

সাহেলা/শুকলা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা